

(নাবুওয়াতের প্রমান) ও (নাবুওয়াতের নিদর্শন)	(دلائل النبوة) او (أعلام النبوة)
কুরআনুল কারীম	القرآن الكريم
ইয়াহুয়া বিন আকছাম বলেন: মামুন আমীর থাকা অবস্থায় তাঁর একটি মুনাজারার মজলিস ছিলো। একদা সেখানে অন্যান্য লোকদের মাঝে একজন ইয়াহুদী প্রবেশ করে, যার কাপড় ছিল সুন্দর চেহারা ছিল সুন্দর এবং শরীরের সুন্দর ঘ্রাণ ছিল। তিনি বলেন: অতঃপর সে সুন্দরভাবে কথা বললো। তিনি বলেন: যখন মজলিস শেষ হয়ে গেল মামুন তাকে ডাকলেন এবং বললেন : তুমি কি ইসরাইলী -অর্থাৎ ইয়াহুদী-? সে বলল :হ্যাঁ। তিনি বললেন: তুমি ইসলাম গ্রহণ করো যাতে আমি তোমার জন্য কিছু করতে পারি। যদি সে ইসলাম গ্রহণ করে তাহলে মামুন তার জন্য কল্যানকর কিছু করবেন মর্মে প্রতিশ্রুতি দিলেন। অতঃপর ইয়াহুদী বললো: আমি আমার ধর্ম এবং আমার পূর্বপুরুষের ধর্মের উপরেই থাকতে চাই। এরপর সে চলে গেল। অতঃপর এক বছর পরে ওই ইয়াহুদী মুসলিম হিসেবে আগমন করল। তিনি বলেন: সে ফিকহ্ এবং হাদিস থেকে সুন্দর ভাবে কথা বলল। অতঃপর মজলিস সমাপ্ত হলে মামুন তাকে ডাকলেন এবং বললেন :তুমিই আমাদের সেই পুরাতন সাথী নও কি? সে বলল: হ্যাঁ। তিনি বললেন: তোমার ইসলাম গ্রহণের কারণ কি? ইয়াহুদী বলল: শুনুন , এবং আল্লাহ্ আকবার বলুন। আমি সেই দিন আপনার মজলিস থেকে ফিরে গিয়ে চিন্তা করলাম আমি এই সমস্ত ধর্ম গুলি পরীক্ষা-নিরীক্ষা করব। আর আমার হাতের লেখাও সুন্দর। সেজন্য আমি তাওরাতের তিনটি পান্ডুলিপি লিখলাম এবং আমি সেখানে কিছু কম-বেশি করলাম।	قال يحيى بن أكتّم: كان للمأمون وهو أمير إذ ذاك مجلس نظر – أي مجلس مناظرات- فدخل في جملة الناس رجل يهودي حسن الثوب حسن الوجه طيب الريح. قال: فتكلم فأحسن العبارة قال: فلما انفض المجلس دعاه المأمون فقال له: إسرائيلي انت -يعني يهودي-؟ قال: نعم قال: له أسلم حتى أفعل بك وأصنع لك، ووعد المأمون خيرا إن أسلم. فقال لليهودي: بل ديني ودين آبائي. ثم انصرف قال: فلما كان بعد سنة جاءنا اليهودي مسلما قال: فتكلم في الفقه والحديث فأحسن الكلام فلما انفض المجلس دعاه المأمون وقال: له ألسنت صاحبنا بالأمس؟ قال: بلى قال: فما سبب إسلامك قال اليهودي: اسمع وقل الله أكبر انصرفت من مجلسك في ذاك اليوم فأحببت أن أمتحن هذه الأديان وأنا أحسن الخط – يعني اجيد الكتابة- فعمدت إلى التوراة فكتبت ثلاث نسخ فزدت فيها ونقصت منها وأدخلتها الكنيسة فاشتريت مني ولم يكلفوا أنفسهم أن يقرؤوها أو يراجعوها ثم عمدت إلى الإنجيل فكتبت ثلاث نسخ فزدت فيها ونقصت منها وأدخلتها البيعة -معابد اليهود- فاشتريت مني ولم يقرؤوها أو يراجعوها ثم عمدت إلى القرآن فكتبت ثلاث نسخ وأدخلتها إلى الوراقين قالوا لا نقبلها حتى نقرأها ونراجعها فاكتشفوا أخطاءها واكتشفوا الزيادة والنقصان فقاموا واحرقوها وكادوا يقتلونني، ففعلت أن هذا كتاب محفوظ من الله فكان هذا سبب إسلامي

অতঃপর আমি তা নিয়ে তাদের কানিসা
(ধর্মশালা/প্রার্থনালয়) তে গেলাম।

তারা সেটা আমার কাছ থেকে কিনে নিল , কিন্তু তারা
নিজেরা সেটা পড়ে দেখলো না বা ফিরিয়েও দিলোনা।

অতঃপর আমি ইঞ্জিলের তিনটি পান্ডুলিপি লিখলাম এবং
আমি সেখানেও কিছু কম-বেশি করলাম , তারপর সেটা
নিয়ে তাদের বি'আ (ধর্মশালা/প্রার্থনালয়) তে গেলাম।

তারা সেটা আমার কাছ থেকে কিনে নিল , তবে তারা
সেটা পড়ে দেখলো না বা ফিরিয়েও দিলোনা।

অতঃপর আমি কুরআনের তিনটি পান্ডুলিপি লিখলাম
এবং সেগুলো যারা লেখালেখি করে তাদের কাছে নিয়ে
গেলাম।

তারা বললো: আমরা এটা পড়ে না দেখা পর্যন্ত গ্রহণ
করবো না। তারা এর ভুল গুলো ধরে ফেললো , অতঃপর
এগুলো জ্বালিয়ে দিলো, এমনকি ক্রোধে আমাকে হত্যা
করার উপক্রম হলো। এ থেকে আমি বুঝতে পারলাম যে,
এই কিতাব আল্লাহর পক্ষ থেকে সংরক্ষিত! এটাই আমার
ইসলাম গ্রহণের কারণ।